৫৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 13 1999
পৃঃ ৭ কলাম ৪

# সরকারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য চিকিৎসা যাতায়াত ও বাড়ি ভাড়া ভাতা ঘোষণা

জনকণ্ঠ রিপোর্ট

## ১ জুলাই থেকে কার্যকর

সরকার সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য নতুন পে-কমিশন অনুযায়ী চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা ও বাড়িভাড়া ঘোষণা করেছে। এ বিষয়ে সোমবার অর্থ মন্ত্রণালয় থেকে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এই ঘোষণা ১ জুলাই '৯৯ থেকে কার্যকর হচ্ছে। এর ফলে নতুন পে-কমিশন পূর্ণ বাস্তবায়ন হলো।

জানা গেছে, শুধুমাত্র চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, বাড়ি ভাড়াসহ অন্যান্য ভাতার জন্য সরকারের বছরে অতিরিক্ত ৫০০ কোটি টাকা ব্যয় হবে।

(১১-এর পৃষ্ঠায় দেখুন)

(প্রথম পাতার পর)

## সরকারী কর্মকর্তা

ঘোষণা অনুযায়ী সকল কর্মকর্তা-কর্মচারী মাসে ২০০ টাকা হারে চিকিৎসা ভাতা পাবেন।

যাঁদের জাতীয় বেতন স্কেল ১৯৯৭-এর ১১নং স্কেল থেকে ২০নং স্কেলের (টাকা ২৫৫০-৫৫০৫ থেকে ১৫৫০-২৮০০ পর্যন্ত) তাঁরা মাসে ৮০ টাকা হারে যাতায়াত ভাতা পাবেন। এছাড়াও জাতীয় বেতন স্কেল ১৯৯৭তে উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০-৬৬২৫ অথবা ৪৩০০-৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ স্কেলে বেতন পাবেন তিনিও এই যাতায়াত ভাতা পাবেন।

বাড়ি ভাড়ার ক্ষেত্রে বলা হয়েছে, যাঁদের মূল বেতন ১৮০০ টাকা পর্যন্ত, আর তিনি যদি ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহীর মেট্রোপলিটন কিংবা পৌর এলাকায় চাকরি করেন তাহলে মূল বেতনের ৫৫ শতাংশ হারে কমপক্ষে ৮৫০ টাকা পাবেন। আর যদি মেট্রোপলিটন ও পৌরসভার বাইরে হয় তাহলে মূল বেতনের ৫০ শতাংশ হারে কমপক্ষে ৮০০ টাকা পাবেন। একইভাবে ১৮০১ থেকে ৩৮০০ টাকা পর্যন্ত যাদের মূল বেতন আর মেট্রোপলিটন ও পৌর এলাকায় কর্মস্থল হয় তাহলে মূল বেতনের ৫০ শতাংশ হারে কমপক্ষে ৯৯০ টাকা বাড়ি ভাড়া পাবেন। মেট্রোপলিটন ও পৌরসভার বাইরের জন্য নির্ধারণ করা হয়েছে মূল বেতনের ৪৫ শতাংশ হারে কমপক্ষে ৯০০ টাকা পাবেন।

যাঁদের মূল বেতন ৩৮০১ থেকে ৯০০০ টাকা পর্যন্ত আর তাঁদের চাকরি যদি মেট্রোপলিটন ও পৌর এলাকায় হয় তাহলে বাড়িভাড়া পাবেন মূল বেতনের ৪৫ শতাংশ হারে কমপক্ষে ১৯০০ টাকা। আর অন্যান্য স্থানের জন্য মূল বেতনের ৪০ শতাংশ হারে কমপক্ষে ১৭১০ টাকা। যাঁদের মূল বেতন ৯০০১ থেকে এর উপরে, আর তাঁদের কর্মস্থল যদি মেট্রোপলিটন ও পৌর এলাকায় হয় তাহলে মূল বেতনের ৪০ শতাংশ হারে কমপক্ষে ৪০৫০ টাকা বাড়ি ভাড়া পাবেন। অন্যান্য স্থানের জন্য নির্ধারণ করা হয়েছে মূল বেতনের ৩৫ শতাংশ হারে কমপক্ষে ৩৬০০ টাকা।

জানা গেছে, শুধুমাত্র বাড়ি ভাড়ার জন্য বছরে অতিরিক্ত ব্যয় হবে ৪৬৩ কোটি টাকা। যাতায়াত ভাতার জন্য ব্যয় হবে ৭ কোটি টাকা। এছাড়াও কর্মকর্তাদের অন্যান্য সুযোগ সুবিধাসহ কর্মচারীদের ধোলাই ভাতার জন্য বছরে ব্যয় হবে ৩০ কোটি টাকা।

এছাড়াও প্রত্যেক সরকারী কর্মকর্তা ও কর্মচারী বাংলাদেশ সার্ভিসেস রুলস ১৯৭৯-এর বিধান অনুযায়ী শ্রান্তি বিনোদন ভাতা পাবেন।